



ইরান যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদে প্রস্তাব পাস



সংগৃহীত ছবি

ইরানের সঙ্গে চলমান উত্তেজনার প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদে একটি প্রস্তাব পাস হয়েছে, যেখানে প্রেসিডেন্টের একক সিদ্ধান্তে ইরানে সামরিক হামলা চালানোর ক্ষমতা সীমিত করার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

বুধবার (৩ জুন) অনুষ্ঠিত ভোটে ডেমোক্র্যাটদের আনা “ওয়ার পাওয়ারস” প্রস্তাবটি ২১৫-২০৮ ভোটে পাস হয়। ভোটাভূটিতে চারজন রিপাবলিকান সদস্যও ডেমোক্র্যাটদের সঙ্গে অবস্থান নেন।

প্রস্তাবটির মূল উদ্দেশ্য হলো যুদ্ধ বা বড় ধরনের সামরিক অভিযান শুরু করার আগে কংগ্রেসের অনুমোদন নেওয়া বাধ্যতামূলক করা। সমালোচকদের মতে, সাম্প্রতিক সময়ে ইরান-সংক্রান্ত সামরিক সিদ্ধান্তগুলো কংগ্রেসের অনুমোদন ছাড়াই নেওয়া হয়েছে, যা ক্ষমতার ভারসাম্য নিয়ে প্রশ্ন তুলেছে।

এ উদ্যোগকে প্রেসিডেন্টের যুদ্ধ পরিচালনার ক্ষমতা সীমিত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। গত কয়েক মাসে এটি এ ধরনের চতুর্থ চেষ্টা।

তবে প্রস্তাবটি এখনই আইনে পরিণত হওয়ার সম্ভাবনা কম। কারণ পরবর্তী ধাপে এটি সিনেটে অনুমোদন পেতে হবে, যেখানে রিপাবলিকানদের সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। এরপর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চাইলে এতে ভেটো দিতে পারবেন। ভেটো অতিক্রম করতে হলে উভয় কক্ষে দুই-তৃতীয়াংশ ভোট প্রয়োজন হবে।

এর আগে একই ধরনের উদ্যোগ মার্কিন প্রতিনিধি পরিষদে একাধিকবার আনা হলেও তা এখনো পূর্ণাঙ্গ আইনে পরিণত হয়নি।